

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা
ফ্যাক্স : ৯১১০৬৩৮

স্মারক নং-১৫.৫১.০০০০.৫০১.১৫.০০৫-৬৬২২.১

তারিখঃ ২৯ অক্টোবর, ২০১৭


তথ্য কমিশনের আইনজীবী নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তি

- ১। মন্ত্রণালয়/বিভাগ : তথ্য মন্ত্রণালয়
২। ক্রয়কারীর সংস্থার নাম : তথ্য কমিশন
৩। ক্রয়কারী কর্তৃপক্ষ : তথ্য কমিশন
৪। দরপত্র আহবানের কারণ : আইনজীবী নিয়োগ
৫। দরপত্র আহবানের Ref. No. : ১৫.৫১.০০০০.৫০১.১৫.০০৫-৬৬২২.১
৬। তারিখ : ২৯/১০/২০১৭
৭। ক্রয় পদ্ধতি : QBS পদ্ধতি (বিদ্যমান পাবলিক প্রকিউরমেন্ট আইনের অধীন)
৮। বাজেট এবং ফান্ডের উৎস : GOB (জিওবি) এবং অনুন্নয়ন

৯। আবেদনের শর্তসমূহ:

১.	আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও বয়স উল্লেখসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত সংযুক্ত করতে হবে।
২.	আবেদনের সাথে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে।
৩.	আবেদনের সাথে শিক্ষাগত যোগ্যতা এবং সুপ্রীম কোর্টে তালিকাভুক্তি (এনরোলমেন্ট) সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৪.	(ক) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হিসেবে এল.এল.বি.(সম্মান) সহ এল.এল.এম. ডিগ্রীধারী প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা (খ) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হিসেবে এল.এল.বি.(সম্মান) ডিগ্রীধারী প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ০৭ (সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা (গ) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হিসেবে এল.এল.বি. ডিগ্রীধারী প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৫.	মামলা পরিচালনার ক্ষেত্রে সার্বিক দায়িত্ব আইনজীবীকে পালন করতে হবে।
৬.	অন্য কোনো প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে এবং প্রাপ্ত সম্মানী উল্লেখ করতে হবে।
৭.	সম্মানী আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে। এক্ষেত্রে আবেদনকারী চাহিত নির্ধারিত মাসিক সম্মানী এবং তদ্ব্যতিরিক্ত আদালতে মামলার প্রতি শুনানীতে উপস্থিতির জন্য চাহিত দিনভিত্তিক সম্মানীর পরিমাণ আবেদনপত্রে উল্লেখ করবেন।
৮.	আইনজীবী নিয়োগ ০৩ (তিন) বৎসরের জন্য প্রযোজ্য হবে।
৯.	নিয়োগকৃত আইনজীবী অব্যাহতি নিতে চাইলে অব্যাহতির ৬০ (ষাট) দিন পূর্বে নোটিশ দিয়ে তথ্য কমিশনকে জানিয়ে দিতে হবে।
১০.	আগামী ৩০/১১/২০১৭ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে পরিচালক, প্রশাসন, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন, (৩য় তলা), এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আবেদনপত্র ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।

- ১০। অন্যান্য শর্তাবলী: ১) প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, ঢাকা বরাবরে আবেদন করতে হবে।
২) সমস্ত ক্রয় কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী সম্পন্ন করা হবে।
৩) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
৪) আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(উইস্বা মোঃ অতিউর রহমান)
পরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন